দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...15 FEB 2008...
পৃষ্ঠা ৩ কলাম ৩



টেল শেরাটনে ইউকে শিক্ষা প্রদর্শনী উদ্বোধন করেন ব্রিটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরী –জনকণ্ঠ

# উকে শিক্ষামেলায় ৩৪ বিশ্ববিদ্যালয় ও লেজ অংশ নিচ্ছে

ফ রিপোর্টার ঃ ঢাকা শেরাটন হোটেলের উইন্টার র্ডেনে শুরু হয়েছে ইউকে শিক্ষামেলা ২০০৮। স্পতিবার থেকে শুরু হওয়া এ মেলা চলবে ১৬ ব্রুয়ারি শনিবার পর্যন্ত। বৃহস্পতিবার ব্রিটিশ কাউন্সিলের দ্যাগে আয়োজিত এ মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় রি কমিশনের চেয়্যারম্যান নজরুল ইসলাম। এছাড়া গামী ১৮ ফেব্রুয়ারি থেকে ১৯ ফেব্রুয়ারি চট্টগ্রামের নিনসুলা হোটেলে দু'দিনব্যাপী অনুষ্ঠিত হবে আরেকটি কে শিক্ষামেলা। ঢাকার শেরাটন হোটেলে শুরু হওয়া এ লা আজ শুক্রবার দুপুর দু'টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং বার দুপুর ২টা থেকে সন্ধ্যা, সাড়ে ছ'টা পর্যন্ত সাধারণের জন্য খোলা থাকবে। মেলার প্রবেশ মূল্য ধরা য়ছে ৬০ টাকা। এছাড়া চট্টগ্রামে শুরু হতে যাওয়া মেলার ম দিন দুপুর দু'টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং দ্বিতীয় দিন র দু'টা থেকে সন্ধ্যা সাড়ে ছ'টা পর্যন্ত জনসাধারণের য খোলা থাকবে।

ারের মেলায় ৩৪টি ব্রিটিশ বিশ্ববিদ্যালয় এবং কলেজের তনিধিরা অংশ গ্রহণ করেছেন। মেলার আয়োজকরা নান, ব্রিটেনে উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী, তাদের ভভাবক, বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত হিউম্যান রিসোর্সেস নেজার এবং ট্রেনিং ম্যানেজারদের ব্রিটিশ বিশ্ববিদ্যালয় ং কলেজসমূহের প্রতিনিধির সঙ্গে সরাসরি কথা বলার যাগ সৃষ্টি করার উদ্দেশ্যেই এ মেলার আয়োজন করা য়ছে। মেলায় অংশ নেয়া ৩৪টি বিশ্ববিদ্যালয় এবং লজের মধ্যে রয়েছে, ইউনিভার্সিটি অব এ্যাবার্টে ডানডি, ঙ্গর ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব বেডফোর্ড শায়ার, র্মিংহাম সিটি ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি সেন্টার ফোর্ড কলেজ, ব্রুনেল ইউনিভার্সিটি ওয়েস্ট লন্ডন, ার্ডিফ ইউনিভার্সিটি, ক্যাভেন্ডিস কলেজ, ইউনিভার্সিটি সেন্ট্রাল ল্যাঙ্কেশায়ার, সিটি ইউনিভার্সিটি লন্ডন, ইউনিভার্সিটি অব ইস্ট লন্ডন, ইউনিভার্সিটি অব এসেক্স, ইউনিভার্সিটি অব গ্রেনিচ, ইউনিভার্সিটি অব হার্ডফোর্ডশায়ার, হলবর্ন কলেজ, কাপলান ফাইন্যান্সিয়াল লন্ডন, লিডস মেট্রোপলিটন ইউনিভার্সিটি, লন্ডন ইন্টান্যাশনাল ইনস্টিটিউট অব বিজনেস টেকনোলজি, লন্ডন মেট্রোপলিটান ইউনিভার্সিটি, লন্ডন স্কুল অব কমার্স, ম্যারিটাইম গ্রেনিচ কলেজ, মিডলসেক্স ইউনিভার্সিটি, নিউ ক্যাসল কলেজ, নর্থাম্ব্রিয়া ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব নটিংহ্যাম, অক্সফোর্ড ব্রুকস ইউনিভার্সিটি, কুইনমেরী (ইউনিভার্সিটি অব লন্ডন), সেন্ট প্যাট্রিক্স কলেজ লন্ডন, ইউনিভার্সিটি অব স্ট্র্যাথক্লাইড, ইউকাস ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব লন্ডন, ইউনিভার্সিটি অব ওয়েস্টমিনিস্টার, ইউনিভার্সিটি অব উলভারহ্যাম্পটন এবং ইউনিভার্সিটি অব উস্টার।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় অধ্যাপক নজরুল ইসলাম বলেন, উন্নত শিক্ষা ছাড়া একটি দেশের উন্নয়ন সম্ভব নয়। উন্নত শিক্ষার ক্ষেত্রে সারা বিশ্বে ব্রিটেনের সুনাম রয়েছে। ব্রিটেনের সঙ্গে আমাদের ভাল সম্পর্ক রয়েছে। আশা করি এ মেলার মাধ্যমে আমাদের দেশ অনেক ছাত্র ব্রিটেনে লেখাপড়ার সুযোগ পাবে। তিনি এ ধরনের মেলার আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানান।

ব্রিটিশ হাই কমিশনার আনোয়ার চৌধুরী বলেন, লিডারশিপ গ্রো করার জন্য ব্রিটেন একটি গুরুত্বপূর্ণ দেশ। একটি দেশ ও সরকারের জন্য লিডারশিপ গুরুত্বপূর্ণ বিষয়। রাজনীতি, ব্যবসাবাণিজ্যসহ সমাজের প্রতিটি ক্ষেত্রে লিডারশিপ প্রয়োজন হয়। ইউকে শিক্ষা লিডারশিপ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এছাড়া ভাল চাকরির জন্যও ইউকে শিক্ষার গুরুত্ব রয়েছে। গত বছর মেলার মাধ্যমে রেকর্ড সংখ্যা ছাত্রছাত্রী ব্রিটেনে লেখাপড়ার সুযোগ পেয়েছে। আশা করি এবারও এই মেলার মাধ্যমে ছাত্রছাত্রীরা কাঙ্ক্ষিত ইউনিভার্সিটিতে লেখাপড়ার সুযোগ পাবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ব্রিটিশ কাউন্সিলের পরিচালক ড. জুন রনিলসন।